সংবাদ

তারিখ 17 OCT 2016
পৃষ্ঠা 4 কলাম 6

না'গঞ্জে

# বিদ্যালয়কেন্দ্রিক স্বাস্থ্যসেবা বিষয়ক সংলাপ অনুষ্ঠিত

প্রতিনিধি, নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জে শিশু, কিশোর-কিশোরীদের জন্য 'বিদ্যালয়কেন্দ্রিক স্বাস্থ্যসেবা' বিষয়ক 'জনগণের জন্য স্বাস্থ্য সংলাপ' অনুষ্ঠিত হয়েছে। রোববার সকাল দশটা থেকে দুপুর একটা পর্যন্ত নারায়ণগঞ্জ জেলা সিভিল সার্জন কার্যালয়ে এই সংলাপের আয়োজন করে স্বাস্থ্য অধিদফতরের অ্যাডোলেসেন্ট অ্যান্ড স্কুল হেলথ প্রোগ্রামের আওতায় আইসিডিডিআরবি।

স্বাস্থ্য অধিদফতরের অ্যাডোলেসেন্ট অ্যান্ড স্কুল হেলথ প্রোগ্রাম বিভাগের ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার ডা. মো. শফিউর রহমানের সঞ্চালনায় সংলাপে বক্তব্য রাখেন অপর ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, ডা. মো. আমান উল্লাহ, নারায়ণগঞ্জ জেলা সিভিল সার্জন ডা. আশুতোষ দাশ, আইসিডিডিআরবি'র বৈজ্ঞানিক এবং প্রকল্প পরিচালক ড. ইকবাল আনোয়ার, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের রোগতত্ত্ব বিভাগের উপ-পরিচালক ড. খালেদা ইসলাম। এছাড়া উন্মুক্ত আলোচনায় অংশ নেন বিভিন্ন স্কুলের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক, আইনজীবী, সরকারি-বেসরকারি মেডিকেল অফিসার, জেলা-উপজেলা পর্যায়ের শিক্ষা ও স্বাস্থ্য কর্মকর্তারাসহ নাগরিক সমাজের প্রতিনিধিরা।